

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২০৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ কোন সওয়ারী বা যানবাহনে চড়ার সময় দু'আ

আরবী

وَعَنْ عَبْدِ اللهِ بْنِ سَرْجِسَ قَالَ: كَانَ رَسُوْلُ اللهِ عَيْلِ إِذَا سَافَرَ يَتَعَوَّذُ مِنْ وَعْثَاءِ السَّفَرِ وَعَنْ عَبْدِ اللهِ عَلْمُ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ وَالمَالِ رواه وَكَآبَةِ المُنْظَرِ في الأَهْلِ وَالمَالِ رواه مسلم

বাংলা

(৩২০৮) আব্দুল্লাহ ইবনে সারজিস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফর করতেন, তখন তিনি সফরের কষ্ট থেকে, দুশ্চিন্তাজনক পরিস্থিতি থেকে বা অপ্রীতিকর প্রত্যাবর্তন, পূর্ণতার পর হ্রাস থেকে, অত্যাচারিতের বদ্দুআ থেকে, মাল-ধন ও পরিবারের ক্ষেত্রে অপ্রীতিকর দৃশ্য থেকে আশ্রয় প্রার্থনা করতেন। (মুসলিম ৩৩৪০)

ফুটনোট

الحَور بعد الكون এ ভাবেই সহীহ মুসলিমে আছে (الكون এ নূন দিয়ে)। ইমাম তিরমিয়ী ও নাসাঈও ঐভাবে বর্ণনা করেছেন। তিরমিয়ী বলেন, الكور (এর নূনের পরিবর্তে) 'রা' বর্ণ সহকারে বর্ণনা করা হয়। আর উভয় বর্ণনাই সঠিক।

উলামাগণ এ দুয়েরই অর্থ বলেছেন যে, ভালো হওয়ার পর খারাপ হওয়া কিংবা বেশি হওয়ার পর কম হওয়া। তাঁরা বলেন, کوریر العمامة শব্দটি تکریر العمامة (অর্থাৎ পাগড়ী পেঁচানো) থেকে গৃহীত। অর্থাৎ, মাথায় পাগড়ী জড়ানো বা গুটানো। আর کون শব্দটি کون کوناً থেকে গৃহীত। তার মানে হচ্ছে অস্তিত্বে আসা, স্থির হওয়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সারজিস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন